যুগান্তর

তারিখ ... 04. MAR. 2016 ...
পৃষ্ঠা ... ২ ৩ কলাম ... ৪ ......

# ছাত্রীদের সাইকেল দিতে বাংলাদেশ ব্যাংকের নির্দেশ

**যুগান্তর রিপোর্ট**

কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার (সিএসআর) অংশ হিসেবে বাণিজ্যিক ব্যাংকগুলোকে উত্তরাঞ্চলের স্কুল-কলেজগামী ছাত্রীদের মাঝে সাইকেল বিতরণের নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। বুধবার বাংলাদেশ ব্যাংকের সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট থেকে এ সংক্রান্ত একটি সার্কুলার জারি করে দেশের তফসিলি ব্যাংকের প্রধানদের কাছে পাঠানো হয়েছে। সার্কুলারে বলা হয়েছে, দেশের সুবিধাবঞ্চিত ও প্রত্যন্ত অঞ্চল বিশেষ করে উত্তরাঞ্চলের স্কুল-কলেজগামী নারী শিক্ষার্থীদের শিক্ষা ও জীবনমান উন্নয়নে সিএসআর কার্যক্রমের আওতায় প্রাথমিকভাবে কমপক্ষে ১০টি সাইকেল দেয়ার পরামর্শ দেয়া যাচ্ছে।